যুগান্তর

তারিখ ... 12 MAY 2012 ...
পৃষ্ঠা ...

# ভালো ফল করেও পছন্দের কলেজে ভর্তির অনিশ্চয়তা

## উচ্চ মাধ্যমিকে আজ ভর্তি শুরু

মুশতাক আহমদ

সারাদেশের কলেজে একাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি শুরু হচ্ছে আজ। ঢাকাসহ দেশের বিভাগীয় শহরের নামি-দামি এবং শিক্ষার্থী-অভিভাবকদের পছন্দের তালিকায় শীর্ষে থাকা অধিকাংশ কলেজেই আজ-কালের মধ্যে ফরম বিতরণ শুরু করবে। আর যারা তা পারছে না, তারাও চলতি সপ্তাহের মধ্যে কার্যক্রম শুরু করবে। যদিও ফলাফল পুনর্মূল্যায়নের আবেদনকারীদের ব্যতিক্রম ছাড়া সরকারি নির্দেশনা অনুযায়ী ৬ জুন পর্যন্ত চলবে ভর্তি কার্যক্রম।

এবার দেশের বিভিন্ন বোর্ড তাদের অধীন কলেজগুলোতে অনলাইন ও মোবাইল ফোনে এসএমএসে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করছে। এর মধ্যে কেবল ঢাকা বোর্ডের অধীনেই রয়েছে এ ধরনের ১৫২টি কলেজ। বোর্ডটির চেয়ারম্যান অধ্যাপক ফাহিমা খাতুন জানিয়েছেন, ওইসব কলেজে এসএমএসে আবেদন গ্রহণ করা হবে। পরবর্তীতে মনোনীতদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

অনিশ্চয়তা : পৃষ্ঠা ১৪ : কলাম ৩

## অনিশ্চয়তা : ভর্তির

(১ম পৃষ্ঠার পর)

এসএমএসে আবেদনের ক্ষেত্রে পছন্দের কলেজের 'ইআইআইএন' (EIIN) রয়েছে বলে জানান তিনি।

সরকার এবার দ্বিতীয়বারের মতো অনলাইনে ভর্তি কার্যক্রম শুরু করল। তবে এর আগে গত বছর অনলাইনে ভর্তি কার্যক্রম চালালেও এতটা ব্যাপক ছিল না। ঢাকা বোর্ডের অধীনে মাত্র ১৬টি কলেজে এই কার্যক্রম পরিচালিত হয়েছিল। অনলাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন হলে তা মূলত কেন্দ্রীয়ভাবে বা বোর্ডের তত্ত্বাবধানেই হবে। আর এর ফলে ভর্তি কার্যক্রম অনেকটা স্বচ্ছ হবে বলে মনে করেন অভিভাবকরা। আর চাপমুক্ত থাকার স্বস্তি প্রকাশ করেছেন কলেজের অধ্যক্ষরা। ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের অধ্যক্ষ মঞ্জুআরা বেগম বলেন, বোর্ডের অধীনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হলে অনেক ভালো হবে। আবেদনকারীদের গ্রেড পয়েন্ট অনুযায়ী তারাই মনোনীতদের তালিকা করে দেবে। আসন সংখ্যা অনুযায়ী তারা মেধাতালিকার ওপর থেকে ভর্তি করবেন কেবল।

এদিকে কেন্দ্রীয়ভাবে ভর্তি প্রক্রিয়ার কথা বলা হলেও ঢাকার বিভিন্ন নামি-দামি কলেজ ভর্তি বিজ্ঞপ্তি জারি করেছে। নটর ডেম কলেজ, রাইফেলস পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, ভিকারুননিসা নূন, মতিঝিল আইডিয়াল, রাজউক উত্তরা মডেল কলেজ, রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা সিটি কলেজ, ঢাকা কমার্স কলেজ, মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুলসহ নামকরা অধিকাংশ প্রতিষ্ঠানেই আজ ফরম বিতরণ কার্যক্রম শুরু করছে। মতিঝিল আইডিয়ালে তিন ক্যাটাগরির যোগ্যতা তৈরি করা হয়েছে। বিজ্ঞানে ভর্তিতে জিপিএ-৫, মানবিকে জিপিএ-৩, বিজনেস স্টাডিজে জিপিএ-৪.৫ পেতে হবে। গ্রুপ পরিবর্তনের ক্ষেত্রে বিজ্ঞান থেকে বিজনেস স্টাডিজে যেতে জিপিএ-৪, বিজ্ঞান থেকে মানবিকে জিপিএ-৩, বিজ্ঞান থেকে যে কোন বিভাগে যেতে জিপিএ-৪ ও বিজনেস স্টাডিজ থেকে যে কোন বিভাগে যেতে জিপিএ-৩.৫ লাগবে। বিএএফ শাহীন কলেজে বিজ্ঞানে ভর্তিতে জিপিএ-৪.০৬, বিজনেস স্টাডিজে জিপিএ-৩.৭৫, মানবিকে জিপিএ-৩.২৫ লাগবে। রেসিডেন্সিয়াল মডেল কলেজে বিজ্ঞানে জিপিএ-৫, বিজনেস স্টাডিজে জিপিএ-৪ ও মানবিকে জিপিএ-৩ লাগবে। ঢাকা কমার্স কলেজে জিপিএ-৪ নির্ধারণ করা হয়েছে ভর্তির যোগ্যতা হিসেবে।

নটর ডেম কলেজ ছাত্রদের কাছে সবসময়ই পছন্দের শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান। তাদের এবার ময়মনসিংহে একটি ক্যাম্পাস খোলার কথা। রাজউক মডেল কলেজে এবার মোট ১২শ' ছাত্রছাত্রী ভর্তি করা হবে। এরমধ্যে ৮শ' নেয়া হবে বাইরে থেকে। বাকিটা নিজস্ব ছাত্রছাত্রী।

**টেনশনের শেষ নেই :** এদিকে ভর্তি কার্যক্রম শুরুর সঙ্গে সঙ্গে শিক্ষার্থী-অভিভাবকদের টেনশনও শুরু হয়েছে। পছন্দের কলেজে ভর্তি নিশ্চয়তার পূর্বশর্ত একটি আকর্ষণীয় রেজাল্ট। ভালো ফল তো হল, কিন্তু পছন্দের কলেজে ভর্তি হতে পারবে কী— সে নিশ্চয়তা কেউই দিতে পারছে না। ফলে ভর্তির ক্ষেত্রে সংশয় আর উদ্বেগ-উৎকণ্ঠা রয়েই গেছে। সংশ্লিষ্টরা জানান, ভালোমানের কলেজে বিদ্যমান আসনের চেয়ে ভালো ফলকারী ছাত্রছাত্রীর সংখ্যা বেশি থাকায় এবারও ভর্তির ক্ষেত্রে দেখা দেবে সংকট। আর এই সংকট সবচেয়ে বেশি অনুভূত হচ্ছে নামকরা কলেজগুলোর ক্ষেত্রে। খোঁজ নিয়ে জানা গেছে, এবার নামকরা বেশিরভাগ প্রতিষ্ঠানই আসন বাড়াচ্ছে না। শুধু তাই নয়, বোর্ড নির্ধারিত আসনের বাইরে কোন প্রতিষ্ঠান শিক্ষার্থী ভর্তি করলে সে ক্ষেত্রে বরং কঠোর অ্যাকশন নেয়ার ঘোষণাও দেয়া হয়েছে। ফলে পছন্দের কলেজে ভর্তির সুযোগের জন্য হুমড়ি খেয়ে পড়া শিক্ষার্থীদের মোকাবেলায় একদিকে যেমন দারুণ হিমশিম খেতে হবে সংশ্লিষ্ট কলেজগুলোকে, অন্যদিকে ভর্তির সুযোগ না পেয়ে হাজার হাজার শিক্ষার্থীকে মধ্যম বা নিম্নমানের কলেজে ভর্তি হয়েই খুশি থাকতে হবে। সবমিলিয়ে এবার উচ্চ মাধ্যমিকে ভর্তি নিয়ে কলেজ-শিক্ষার্থী-অভিভাবক পর্যায়ে চলবে 'মহা যুদ্ধ'। ভর্তি কার্যক্রম পরিণত হবে 'ভর্তিযুদ্ধে'। সংশ্লিষ্টরা বলেছেন, এ অবস্থায় ভবিষ্যতের কথা বিবেচনায় ভালোমানের কলেজের সংখ্যা বাড়ানোর বিকল্প নেই।

**ভর্তি নীতিমালা :** একাদশ শ্রেণীর নতুন শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম আজ থেকে শুরু হয়ে চলবে ৬ জুন পর্যন্ত। ফলাফল পুনর্নিরীক্ষণের ক্ষেত্রে যাদের ফল পরিবর্তন হবে তাদের জন্য ভর্তির আবেদন এসএমএসে গ্রহণ করার শেষ তারিখ ১৪ জুন। বিলম্ব ফি ছাড়া ও বিলম্ব ফিসহ ভর্তি ও টিসি করার শেষ তারিখ যথাক্রমে ২৮ জুন ও ১২ জুলাই। আর ক্লাস শুরু হবে ১ জুলাই। মন্ত্রণালয় এরই মধ্যে সিদ্ধান্ত নিয়েছে, একাদশ শ্রেণীতে ৬০০'র বেশি আসন রয়েছে এমন কলেজে অনলাইনে ভর্তি বাধ্যতামূলক। আর ৩শ'র অধিক আসন থাকা কলেজেও (ইচ্ছা করলে) অনলাইনে ভর্তি করা যাবে।

ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের কাছ থেকে আবেদনপত্র ফরম ও ভর্তি ব্যবস্থাপনার ব্যয় বাবদ এবার ১২০ টাকা নির্ধারণ করা হয়েছে। কোন ছাত্রছাত্রীর কাছ থেকে অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন অর্থ গ্রহণ করা যাবে না এবং সব ফি রসিদের মাধ্যমে গ্রহণ করতে হবে। তবে অতিরিক্ত ভর্তি ফি আদায় করলে কি শাস্তি দেয়া হবে তা বলা হয়নি।

**এসএমএসে আবেদন পদ্ধতি :** ঢাকা শিক্ষা বোর্ড জানিয়েছে, তারা এবার যে ১৫২টি কলেজে এসএমএসে ভর্তি নিচ্ছে তার প্রত্যেকটির একটি করে পরিচিতি নম্বর রয়েছে যাকে 'ইআইআইএন' (EIIN) নম্বর বলে। প্রার্থী যে কলেজে ভর্তি হতে চায় সেই কলেজের 'ইআইআইএন' নম্বর দিয়েই আবেদন করবে।